দৈনিক
ইনকিলাব

তারিখ 24 JUN 2010
পৃষ্ঠা ১৫ কলাম ৬

শিক্ষা ভবনের দুর্নীতিবাজদের বিরুদ্ধে তাৎক্ষণিক ব্যবস্থা : শিক্ষামন্ত্রী

# প্রাথমিক বিদ্যালয়ে ৬০ ভাগ মহিলা শিক্ষক নিয়োগ দেয়া হচ্ছে

## সংসদে প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী

সংসদ রিপোর্টার ঃ প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ডা. আফসারুল আমিন বলেছেন, বিদ্যমান নীতিমালা অনুসারে এ বছরের ১ জুন থেকে প্রাথমিক বিদ্যালয়গুলোতে ৬০ ভাগ মহিলা শিক্ষক নিয়োগ দেয়া হচ্ছে। অপরদিকে শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষা ভবনের দুর্নীতিবাজদের বিরুদ্ধে তাৎক্ষনিক ব্যবস্থা নেয়া হবে।

গতকাল (বুধবার) জাতীয় সংসদে পৃথক লিখিত প্রশ্নের জবাবে তারা এসব কথা বলেন। সংরক্ষিত মহিলা আসনে সরকারদলীয় সংসদ সদস্য আলহাজ্ব মমতাজ বেগমের এক লিখিত প্রশ্নের জবাবে ডা. আফসারুল আমিন এবং বিএনপির সংসদ সদস্য এবিএম আশরাফ উদ্দিন নিজানের এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী এসব তথ্য জানান। সরকারদলীয় পৃঃ ১৫ কঃ ২

# প্রাথমিক বিদ্যালয়ে ৬০ ভাগ

১৬-এর পৃষ্ঠার পর

সংসদ সদস্য মমতাজ বেগমের প্রশ্নের জবাবে প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী সংসদকে আরো জানান, প্রাথমিক শিক্ষা বিভাগের জরিপ অনুসারে গত বছর ৯১.৯৯ শতাংশ শিশু স্কুলে ভর্তি হয়েছে। সরকারদলীয় সংসদ সদস্য এবিএম আনোয়ারুল হকের আরেক প্রশ্নের জবাবে তিনি জানান, দেশের সকল সরকারী প্রাথমিক বিদ্যালয়ে একজন করে নৈশপ্রহরীর পদ সৃষ্টির বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। আনুষ্ঠানিকতা শেষ হলে অচিরেই সরকার প্রত্যেক প্রাথমিক বিদ্যালয়ে একজন করে নৈশপ্রহরী নিয়োগ দেয়া হবে।

**শিক্ষা ভবনের দুর্নীতিবাজদের বিরুদ্ধে তাৎক্ষণিক ব্যবস্থা নেয়া হবে -শিক্ষামন্ত্রী**

এদিকে বিএনপির সংসদ সদস্য এবিএম আশরাফ উদ্দিন নিজানের এক প্রশ্নের জবাবে গতকাল (বুধবার) শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষা ভবনের দুর্নীতিবাজদের বিরুদ্ধে তাৎক্ষণিক ব্যবস্থা নেয়া হবে। শিক্ষা ভবনে কর্মরত সব কর্মকর্তা/কর্মচারীর নৈতিক মূল্যবোধ সৃষ্টির লক্ষ্যে নিয়মিত বিভিন্ন মতবিনিময় সভার মাধ্যমে উদ্বুদ্ধকরণ কার্যক্রম চলছে। তিনি শিক্ষা ভবনের দুর্নীতি প্রতিরোধে সরকারের ৭টি পদক্ষেপ সম্পর্কে অবহিত করে সংসদকে বলেন, শিক্ষা ভবনের দুর্নীতিবাজদের অত্যাচারে কোন সাধারণ শিক্ষক যদি হয়রানির শিকার হন এবং যদি আমাকে বিষয়টি জানান তাহলে আমি তাৎক্ষণিকভাবে ব্যবস্থা নেবো। সরকারদলীয় সংসদ সদস্য জাহিদ মালেকের প্রশ্নের জবাবে তিনি সংসদকে জানান, দেশের মানসম্মত স্কুলসমূহে শিক্ষার্থীদের ভর্তির চাপ কমানোর জন্য মাধ্যমিক স্কুলে ১১০০ নতুন শিক্ষক নিয়োগ দেয়া হয়েছে। মেহের আফরোজের এক প্রশ্নের জবাবে তিনি সংসদকে জানান, দেশে প্রাথমিক বিদ্যালয়গুলোতে অধ্যয়নরত শিক্ষার্থীর সংখ্যা ৯৭ লাখ ৫৫ হাজার ৩৬২ জন। সংরক্ষিত মহিলা আসনে বিএনপির সংসদ সদস্য মোসাম্মৎ শাম্মী আক্তারের এক প্রশ্নের জবাবে তিনি সংসদকে জানান, এবার এমপিওভুক্তির জন্য সারাদেশ থেকে ৭ হাজারটি বৈধ আবেদন পেয়েছিল শিক্ষা মন্ত্রণালয়। এমপিও নির্দেশিকা অনুসারে পর্যায়ক্রমে বাজেট বরাদ্দ প্রাপ্তিসাপেক্ষে শিক্ষা প্রতিষ্ঠানগুলো এমপিওভুক্ত করা হবে। জাতীয় পার্টির সংসদ সদস্য এ কে এম মাইদুল ইসলামের এক প্রশ্নের জবাবে তিনি সংসদকে জানান, দেশে মোট ২৪৪টি সরকারী ডিগ্রি কলেজ রয়েছে।

**প্রতিবন্ধীদের জন্য প্রথম শ্রেণীর চাকরিতে ১% এবং দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর ১০% সংরক্ষিত -সমাজকল্যাণমন্ত্রী**

সমাজকল্যাণমন্ত্রী এনামুল হক মোস্তফা শহীদ বলেছেন, সরকারী চাকরিতে প্রতিবন্ধীদের জন্য প্রথম শ্রেণীর ১ ভাগ এবং দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর ১০ ভাগ আসন সংরক্ষিত আছে। সংরক্ষিত মহিলা আসনের সংসদ সদস্য শাহীন মনোয়ারা হকের এক প্রশ্নের জবাবে গতকাল বুধবার তিনি সংসদকে এ তথ্য জানান। সরকারদলীয় সংসদ সদস্য মুজিবুর রহমান মানিকের লিখিত প্রশ্নের জবাবে তিনি সংসদকে জানান, বিএনপি-জামায়াত জোট সরকারের আমলে সমাজ সেবা অধিদফতর সারাদেশে ১৬ হাজার ৩৪১টি এনজিওকে নিবন্ধন প্রদান করেছে। এরমধ্যে সুনামগঞ্জ জেলায় ৩৪২টি। নাজিমুল আলম চৌধুরীর প্রশ্নের জবাবে তিনি সংসদকে জানান, দেশের ভিক্ষুকদের পুনর্বাসনের মাধ্যমে ভিক্ষাবৃত্তি নিরসনের জন্য সরকার বেশ কিছু উদ্যোগ নিয়েছে। এ উদ্যোগের অংশহিসেবে সারাদেশে ভিক্ষুকের সংখ্যা নিরূপণের জরিপ কাজ চালানো হবে। এরপর সমস্যার ধরন অনুসারে ভিক্ষুকদের শিক্ষা, প্রশিক্ষণ, চিকিৎসা, কর্মসংস্থান প্রভৃতির ব্যবস্থা করা হবে। ভিক্ষুকদের পুনর্বাসনের মাধ্যমে দেশকে ভিক্ষাবৃত্তির অভিশাপ থেকে মুক্ত করা সম্ভব হবে